মিরসরাইয়ে গাঁজা ও ফেন্সিডিলসহ সাবেক ছাত্রলীগ নেতা গ্রেফতার

মিরসরাইয়ের সাবেক ছাত্রলীগ নেতা ফরহাদ হোসেন রাজুকে গাঁজা ও ফেন্সিডিলসহ গ্রেফতার করেছে জোরারগঞ্জ থানা পুলিশ। শনিবার উপজেলার করেরহাট ইউনিয়নের ভালুকিয়া গ্রাম থেকে মাদকসহ রাজু ও তার সহযোগী আকাশকে গ্রেফতার করা হয়। এসময় পুলিশ রাজুর ঘর থেকে ৩৩০ বোতল ফেন্সিডিল ও ২৪ কেজি গাঁজা উদ্ধার করে।

ফরহাদ হোসেন রাজু বারইয়ারহাট কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি। গ্রেফতারকৃত রাজু করেরহাট ইউনিয়নের ভালুকিয়া গ্রামের ফজলুল হকের ছেলে। তার সহযোগী আকাশের বাড়ি কক্সবাজার জেলায়।

জোরারগঞ্জ থানার এসআই সিরাজুল ইসলাম মাদক উদ্ধার বিষয়টি নিশ্চিত করেছেন জানান, গ্রেফতারকৃত দুইজনের বিরুদ্ধে থানার উপ-পরিদর্শক সুজয় মজুমদার বাদি হয়ে একটি মামলা দায়ের করেছেন।